

স্মারক নং: ০৩.৮০৪.০০৩.০০.০০.০১৭.২০১৫/২০৭

তারিখ: ১২ ফেব্রুয়ারী, ২০১৫

বিষয়: ডিজিটাল সেন্টার থেকে সৌদি গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার লক্ষ্যে উদ্যোক্তাদের নির্দেশনা প্রদান ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

আগামী ১৩ ফেব্রুয়ারী ২০১৫ তারিখ থেকে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী সৌদিসহ অন্যান্য দেশে গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সকল ডিজিটাল সেন্টার (ইউনিয়ন/সিটি/পৌরসভা) থেকে শুরু হবে। প্রতিবারের ন্যায় এবার অনলাইনে নিবন্ধনের ক্ষেত্রে সমস্যা থাকায় এবার ম্যানুয়াল পদ্ধতিতে রেজিস্ট্রেশন করতে হবে। আবেদন ফর্মটি <http://infokosh.gov.bd/download-attachment/২৬৬৪/১৬৬২> এই ঠিকানায় পাওয়া যাবে। ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের রেজিস্ট্রেশন ফর্মটি পূরণ করে প্রত্যেক আবেদনের বিপরীতে ২০০ টাকা সোনালী ব্যাংকে ড্রাফট (মহাপরিচালক জনশক্তি, প্রশিক্ষণ ও কর্মসংস্থান ব্যুরো বরাবর) করতে হবে। প্রতিটি নিবন্ধনের সাথে উক্ত ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, ডিইএমও অফিস বরাবর জমা দিতে হবে। আবেদনের সকল কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে উদ্যোক্তা সর্বোচ্চ ১০০ টাকা সার্ভিস চার্জ হিসেবে নিতে পারবে। যে সকল জেলায় ডিইএমও অফিস নেই সেক্ষেত্রে উদ্যোক্তাকে জেলা প্রশাসকের কার্যালয়ে জমা দিতে হবে। জেলা প্রশাসক উক্ত আবেদন ফর্মগুলো নিকটবর্তী ডিইএমও অফিসে জমা দিবেন। এ সংক্রান্ত জরুরি প্রয়োজনে বিএমএটি'র কর্মকর্তা জনাব হাসান মারুফ (০১৮১৯২৪৩১৪৫) এর সাথে যোগাযোগ করতে হবে। আপনার সদয় অবগতির জন্য উদ্যোক্তাদের জন্য করণীয়, ডিইএমও অফিসের ঠিকানা, রেজিস্ট্রেশন ফর্ম পূরণের নির্দেশনা সংযুক্ত করা হলো।

উপরোক্ত কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(নাজিমুজ্জামান মুক্তা)  
জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ  
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম  
প্রধানমন্ত্রীর কার্যালয়।

বিতরণ: (কার্যার্থে)

১। জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

১। মহাপরিচালক, জনশক্তি প্রশিক্ষণ ও কর্মসংস্থান ব্যুরো।